দৈনিক জনকণ্ঠ

SEP 20 2002




*সপ্তর্ষি বিজ্ঞান সংঘের বিজ্ঞানমেলায় অতিথিবৃন্দের মেলাঙ্গন পরিদর্শন*

# সপ্তর্ষি বিজ্ঞান সংঘের বিজ্ঞানমেলা

সপ্তর্ষি বিজ্ঞান সংঘের ৩য় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সম্প্রতি শেখ ফজিলাতুন্নেসা ইসলামিক মহিলা কলেজে ২ দিনব্যাপী 'বিজ্ঞানমেলা ২০০২' অনুষ্ঠিত হয়। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল– "বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়নের মূল চাবিকাঠি"। মেলায় বিভিন্ন বিজ্ঞান ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ন্যাশনাল হার্বেরিয়ামের পরিচালক ড. এম, মতিয়ূর রহমান, বিশেষ অতিথি ঢাকা সিটি কর্পোরেশন ৭নং ওয়ার্ডের কমিশনার সপ্তর্ষি বিজ্ঞান সংঘের উপদেষ্টা মুন্সি বজলুল বাছিদ আনজু ও শেখ ফজিলাতুন্নেসা ইসলামিক মহিলা কলেজের অধ্যক্ষ রাজিয়া মনসুর শামীম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন পরিষদের সদস্য সচিব সংগঠনের সাধারণ সম্পাদক মোঃ শফিকুল ইসলাম চৌধুরী, শুভেচ্ছা বক্তব্য রাখেন মিরপুর সায়েন্স ক্লাব এ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ও প্রমিথিউস বিজ্ঞান ক্লাবের সভাপতি সরকার মোহাম্মদ আবুল কালাম আজাদ এবং সভাপতিত্ব করেন মেহেদী হাসান অভি।

মেলায় জুনিয়র বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করে যথাক্রমে আমেনা আক্তার (মিনা), সুমাইয়া সুলতানা সিথি ও সিফাত খন্দকার এবং সিনিয়র বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করে যথাক্রমে নিয়াযুল ইসলাম, মোঃ রেদওয়ানুল ইসলাম ও শারমিন জাহান (মনি)। অনুষ্ঠান পরিচালনা করেন আব্দুল আলীম সাগর এবং সার্বিক ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন গোলাম মোস্তফা ইয়াংম্যান, মোঃ মাশফেকুর রহমান টিটু, প্রকল্প সম্পাদক মোঃ শাহ্ মঞ্জুর, সমাজকল্যাণ সম্পাদক মোঃ এনামুল ইসলাম, সাজ্জাদুল হক, তৌহিদুল ইসলাম, মঞ্জুরুল আলম সিদ্দিকী, সবুর, অভিক, সিরাজুল, জনি, ইতি, তুলি, সুরমা। –বিজ্ঞপ্তি।